গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
www.chapainawabganjsadar.chapainawabganj.gov.bd

স্মারক নং : ১৬.০১.৭০০০.০২২.২৬.০০৯.২২.৯৪০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১' মোতাবেক চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে নির্ধারিত শর্তে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত দরখাস্ত আহবান করা হলো।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | পেশ ইমাম | ০১(এক)টি | ১৫,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। স্বীকৃত কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২. | মুয়াজ্জিন | ০১(এক)টি | ১০,০০০/- | ক) দ্বিতীয় বিভাগে আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্টক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩. | খাদিম | ০২(দুই)টি | ৭,৫০০/- | ক) দ্বিতীয় বিভাগে আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্টক্ষেত্রে/খাদিম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

## শর্তাবলী

০১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) মোবাইল নম্বর (ঠ) শিক্ষাগত যোগ্যতা ও (ড) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক **সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ** বরাবর আবেদন করতে হবে।

০৩) প্রার্থীর স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৮ ডিসেম্বর ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ইসলামিক ফাউন্ডেশন চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ে জমা দিতে হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৪) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই, বাতিল, নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের ফটোকপি (খ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিণ ছবি (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র জমা দিতে হবে। উল্লেখ্য, সকল সনদ ও ছবি অবশ্যই প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৬) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকার অফেরতযোগ্য পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে।

০৭) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না এবং একাধিক পদে আবেদন করলে বা কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮) পেশ ইমাম পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে জুমআ'র খুতবা প্রদান এবং জুমআ' ও ০৫(পাঁচ) ওয়াক্ত নামাজের ইমামতি করতে হবে।

০৯) খাদেম পদে নিয়োগপ্রাপ্তদের 'নিরাপত্তা প্রহরী' নিয়োগ না হওয়া পর্যন্ত পালাক্রমে মডেল মসজিদের নিরাপত্তার দায়িত্ব পালন করতে হবে।

১০) প্রাথমিকভাবে বাছাইকৃত খাদেম পদের লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ২০ ডিসেম্বর ২০২২ তারিখ এবং পেশ ইমাম ও মুয়াজ্জিন পদের লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ২১ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ৯.০০টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে বৈধ প্রার্থীদের নিজ নিজ আবেদনপত্রে উল্লেখিত মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

5/12/2022

(মো: রওশন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং : ১৬.০১.৭০০০.০২২.২৬.০০৯.২২.১৪০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪৫, চাঁপাইনবাবগঞ্জ-৩ ও প্রধান উপদেষ্টা, চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

০২. প্রকল্প পরিচালক, "প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প, ইসলমিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা

০৩. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

০৪. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী বিভাগীয় কার্যালয়, ১৭৩ সপুরা, শালবাগান, রাজশাহী

০৫. উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়

০৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ

০৭. ............................................................ সদস্য (সকল), চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, চাঁপাইনবাবগঞ্জ

০৮. নোটিস বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

০৯. সম্পাদক ........................................... পত্রিকা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ (তাঁকে তার বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের অনুরোধ করা হলো।

১০. সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।

5/12/2022

(মো: রওশন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ